# রাশিয়া-ইউক্রেন যুদ্ধের নিয়ন্ত্রণ এখন রাশিয়ার হাতে: পুতিন



সংগৃহীত ছবি

**রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দাবি করেছেন, ইউক্রেন যুদ্ধের ফ্রন্টলাইনে এখন সম্পূর্ণ নিয়ন্ত্রণ মস্কোর হাতে। তিনি জানিয়েছেন, রাশিয়ান বাহিনী ইতোমধ্যে ইউক্রেনের প্রায় ২০ শতাংশ ভূখণ্ড দখলে নিয়েছে এবং ইউক্রেনীয় সেনারা সব সেক্টরে পিছু হটছে।**

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফ্রন্টলাইনের নিয়ন্ত্রণ বর্তমানে পুরোপুরি রাশিয়ার হাতে— এমন মন্তব্য করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

আজ বুধবার (৮ অক্টোবর) তুরস্কভিত্তিক বার্তাসংস্থা আনাদোলু এজেন্সি প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, রাশিয়ার শীর্ষ সামরিক কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে পুতিন যুদ্ধক্ষেত্রে রাশিয়ার অগ্রগতি ও সাফল্যের চিত্র তুলে ধরেন।

সেনা কমান্ডারদের উদ্দেশে দেয়া বক্তব্যে পুতিন বলেন, “এই বছরই আমরা ইউক্রেনের প্রায় ৫ হাজার বর্গকিলোমিটার এলাকা নিয়ন্ত্রণে নিয়েছি। বর্তমানে দেশটির মোট ভূমির প্রায় ২০ শতাংশের ওপর রাশিয়ার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছে।”

LENS ASIA

তিনি আরও দাবি করেন, ইউক্রেনীয় বাহিনী এখন ফ্রন্টলাইনের সব সেক্টর থেকেই ধীরে ধীরে সরে যাচ্ছে। “রাশিয়ার ধারাবাহিক আক্রমণে তারা মারাত্মকভাবে দুর্বল হয়ে পড়েছে,” বলেন পুতিন।

অন্যদিকে ইউক্রেনের সামরিক কর্তৃপক্ষ জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় রুশ বাহিনী ১১৬টি ড্রোন হামলা চালিয়েছে। এর মধ্যে ইউক্রেনীয় বিমান প্রতিরক্ষা বাহিনী ৮৩টি ড্রোন সফলভাবে প্রতিহত করেছে। তবে এই আক্রমণে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি বলে ইউক্রেনের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে।